

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৩

আগরতলা, ২৬ জুন, ২০২৪

উন্কোটি জেলার শ্রীরামপুরে ম্যালেরিয়া ক্ষিণিং কর্মসূচি

উন্কোটি জেলার শ্রীরামপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত শ্রীরামপুর ও হালাইরপারে সম্প্রতি ম্যালেরিয়া ক্ষিণিং ও অসংক্রামক রোগ সনাক্তকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে আশাকমীগণ শ্রীরামপুর ৬নং ওয়ার্ড ও হালাইরপার ২নং ওয়ার্ডে বাড়ি বাড়ি গিয়ে ম্যালেরিয়া সনাক্তকরণে খাড় ম্লাইড সংগ্রহ করেন। আশাকমীগণ ২৪টি বাড়ি পরিদর্শন করে ১৩ জনের খাড় ম্লাইড সংগ্রহ করেন ও ১১ জনের অসংক্রামক রোগের ক্ষিণিং করেন। বাড়ি পরিদর্শনের সময় আশাকমীগণ ম্যালেরিয়ার প্রতিকার ও প্রতিরোধের উপায়, ঔষধযুক্ত মশারি ব্যবহারে প্রয়োজনীয়তা বিষয়ে সকলকে সচেতন করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*